


# DAINIK JUGASANKHA – SILICHAR AND GUWAHATI 24.11.2022

আধিকারিকদের পাশাপাশি বিভিন্ন শিক্ষা প্রীতি কুমারী বক্তৃতা দেন এবং বার

## ক্যান্সার আক্রান্ত শিশুর পরিচর্যায় সেন্ট জুডস

যুগশঙ্খ প্রতিবেদন
গুয়াহাটি। ২৩ নভেম্বর

একটি শিশুর ক্যান্সার নির্ণয় হওয়া সবচেয়ে বেদনাদায়ক ঘটনাগুলির মধ্যে একটি যা যেকোনও পরিবারে ঘটতে পারে। এটি মানসিক ও আর্থিক বোঝার একটি কারণ হতে পারে। একটি শিশুর ক্যান্সার কেন হয় বেশিরভাগ ক্ষেত্রে ডাক্তাররাও বলতে পারেন না। শৈশব ক্যান্সারের বেশিরভাগ ক্ষেত্রেই ক্রমবর্ধমান কোষের জিনে এলোমেলো মিউটেশনের (পরিবর্তন) জন্য ঘটে। যেহেতু এই পরিবর্তনগুলি এলোমেলোভাবে ঘটে, তাদের প্রতিরোধ করার কোনও কার্যকর উপায় থাকে না।

ক্যান্সার আক্রান্ত শিশুদের চিকিৎসা পরিচর্যায় এক মহৎ কাজ করে চলেছে সেন্ট জুডস ইন্ডিয়া চাইল্ড কেয়ার সেন্টার। গুয়াটির দুইটি কেন্দ্রে ক্যান্সারের চিকিৎসাধীন শিশুদের জন্য 'বাড়ি থেকে দূরে একটি ঘর' প্রদান করছে সেন্ট জুড। এই শিশুরা তাদের বাবা মায়ের সঙ্গে ছোট গ্রাম এবং দূরবর্তী শহর থেকে আসে যেখানে ক্যান্সারের চিকিৎসা পাওয়া যায় না। ক্যান্সার থেকে বাঁচার এবং একটি পূর্ণ স্বাস্থ্যকর, সুখী ও উন্নত জীবন যাপনের সম্ভাবনার জন্য বিনামূল্যে আবাসন এবং সামগ্রিক সহায়তা প্রদান করে চলছে সেন্ট জুডস। শ্যামা এবং নিহাল কবিরত্নে দ্বারা ২০০৬ সালে প্রতিষ্ঠিত এবং স্বেচ্ছাসেবকদের একটি নিবেদিত গোষ্ঠী সেন্ট জুডস, টাটা মেমোরিয়াল হাসপাতাল, এইমস নতুনদিল্লি, টাটা মেডিক্যাল সেন্টার, কলকাতা এবং গুয়াহাটির বি বরুয়া ক্যান্সার ইনস্টিটিউট সহ নয়টি শহরের বিভিন্ন ক্যান্সার হাসপাতালের সঙ্গে কাজ করে যাচ্ছে প্রতিষ্ঠানটি। এখানে থাকার জন্য ক্যান্সার আক্রান্ত শিশুদের প্রতিটি পরিবারকে সকল ধরণের সুবিধাসহ পৃথক ইউনিট সরবরাহ করে যাচ্ছে সেন্ট জুডস যাতে চিকিৎসার জন্য থাকা কালে কোনও ধরণের অসুবিধার সম্মুখীন হতে না হয়। প্রতিটি কেন্দ্রে একটি সাধারণ কমিউনিটি স্পেস বা শেখার জায়গা এবং ভাগ করে নেওয়ার সুবিধা সহ একটি সাধারণ রান্নাঘর এবং খাবার জায়গা রয়েছে। প্রতিটি পরিরারের জন্য আলাদা রান্নাঘর, গ্যাসের চুলা সহ বিভিন্ন সামগ্রী সরবরাহ করে যাচ্ছে প্রতিষ্ঠানটি। মুম্বাই, কলকাতা, হায়দ্রাবাদ, জয়পুর, চেন্নাই, ভেলোর, দিল্লি, বারাণসী এবং গুয়াহাটিতে ৫০০টি পরিবার ইউনিট সহ ৪০টি কেন্দ্র রয়েছে সেন্ট জুডস-এর। গুয়াহাটিতে দুটি কেন্দ্র রয়েছে। দুটি কেন্দ্রেই ১২টি করে পরিবার বিনা খরচে বসবাস করছে। বি বরুয়া ক্যান্সার ইনস্টিটিউটে চিকিৎসা করানো শিশুরা এই কেন্দ্র দুটিতেই রয়েছে। অসম, মণিপুর এবং উত্তরপূর্বাঞ্চলের অন্যান্য অংশ থেকে চিকিৎসার জন্য আসা পরিবারগুলিকে যত্ন প্রদান করে চলছে গুয়াহাটির কেন্দ্র দুটি।